

## প্রাথমিক প্রধান শিক্ষকদের চেয়ার বর্জন কর্মসূচি

■ সমকাল প্রতিবেদক  
প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের 'গেজেটেড পদমর্যাদা' বাস্তবায়নের দাবিতে সারাদেশে চেয়ার বর্জন কর্মসূচি পালন করেছেন তারা। গতকাল বৃহস্পতিবার প্রধান শিক্ষকদের বসার চেয়ার কালো কাপড়ে ঢেকে 'গেজেটেড পদমর্যাদা বাস্তবায়নে গড়িমসির প্রতিবাদ' লেখা প্রদর্শন করে এ কর্মসূচি পালিত হয়। বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক সমিতির আহ্বায়ক ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৭

## প্রাথমিক প্রধান শিক্ষকদের

[শেষ পৃষ্ঠার পর]

রিমাজ পারভেজ স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়েছে। সারাদেশে ৬৩ হাজার ৮৬৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৪০ হাজার প্রাথমিক বিদ্যালয়ে এ কর্মসূচি পালিত হয়েছে। বাকি প্রাথমিক বিদ্যালয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক (সহকারী শিক্ষক) থাকায় কর্মসূচি পালিত হয়নি। এর আগে ২০ সেপ্টেম্বর বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক সমিতি পাঁচ দফা দাবিতে এ কর্মসূচি ঘোষণা করে। দাবির মধ্যে রয়েছে- সরকার ঘোষিত দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তার পদমর্যাদা বাস্তবায়ন, জাতীয় বেতন স্কেলের দশম গ্রেডে অন্তর্ভুক্ত, সেলফ ড্রয়িং ক্ষমতা প্রদান, নতুন নিয়োগবিধি অনুসারে শতভাগ বিভাগীয় পদোন্নতির বিধান চালু এবং সিলেকশন গ্রেড ও টাইম স্কেল পুনর্বহাল। ঘোষিত কর্মসূচি অনুযায়ী সরকার দাবি না মানলে ৩ থেকে ৫ অক্টোবর সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত তিন ঘণ্টার কর্মবিরতি ও ৬ অক্টোবর থেকে লাগাতার পূর্ণ দিবস কর্মসূচি পালন করা হবে। এর পরও দাবি না মানলে আগামী নভেম্বরে সারাদেশে অনুষ্ঠেয় প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষাসহ সব দায়িত্ব বর্জন এবং কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে বলেও ঘোষণা দেওয়া হয়েছে।

প্রাথমিক সহকারী শিক্ষক ঐক্যজোটের অর্ধদিবস কর্মবিরতি : পূর্ব ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে গতকাল সারাদেশে অর্ধদিবস কর্মবিরতি পালন করেছে বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক ঐক্যজোট। অষ্টম পে স্কেলে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী শিক্ষকদের বেতন স্কেল প্রশিক্ষণপ্রাপ্ত প্রধান শিক্ষকদের এক ধাপ নিচে নির্ধারণ, সহকারী শিক্ষক পদ থেকে প্রধান শিক্ষক পদে পদোন্নতি প্রদানসহ পাঁচ দফা দাবিতে গত ১৭ সেপ্টেম্বর থেকে প্রতি বৃহস্পতিবার অর্ধদিবস ও শনিবার পূর্ণ দিবস কর্মবিরতি পালন করে আসছেন তারা। ঐক্যজোটের নেতা শামসুদ্দিন মাসুদ জানান, আগামী শনিবার পূর্ণ দিবস কর্মবিরতি পালন করা হবে। এর পর ১৫ অক্টোবর সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত শহীদ মিনারে প্রতীকী অনশন করা হবে। সেখান থেকে প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর পদযাত্রা করবেন তারা।

প্রাথমিক সহকারী শিক্ষক ফেডারেশনের লাগাতার কর্মসূচি ঘোষণা : সহকারী শিক্ষকদের মর্যাদা বৃদ্ধি ও ৬ দফা দাবিতে লাগাতার আন্দোলন কর্মসূচির ঘোষণা দিয়েছে ফেডারেশন। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক সমিতির সভাপতি মো. জাহিদুর রহমান বিখাসের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কর্মসূচির অংশ হিসেবে ৪ থেকে ৮ অক্টোবর সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত ৪ ঘণ্টা কর্মবিরতি। ১০ থেকে ১৪ অক্টোবর পূর্ণ দিবস কর্মবিরতি। ১৫ অক্টোবর জাতীয় প্রেস ক্লাবের সামনে সকাল ৯টা থেকে বিকেল ৩টা পর্যন্ত প্রতীকী অনশন পালন করবেন তারা।